

আধা-সরকারি পত্র সংখ্যা:- ৫৬.০০.০০০০.০০২.৯৯.০০৩.২২-১১

তারিখ: ২৫ পৌষ ১৪২৮
৯ জানুয়ারি ২০২২

বিষয়: “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের নিমিত্ত ল্যাববিহীন ২৫ (পঁচিশ) টি শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

মাননীয় সংসদ এডমস,

আমার আন্তরিক সালাম ও শুভেচ্ছা নিবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে এবং মাননীয় প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ-এর সার্বিক তত্ত্বাবধানে ডিজিটাল বাংলাদেশ সমৃদ্ধকরণ, আইসিটি শিল্পের বিকাশ, জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠা, আইসিটি খাতে দক্ষ জনবল তৈরী, আইসিটি শিক্ষা সম্প্রসারণ ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন প্রকল্প গ্রহণ ও সফলভাবে বাস্তবায়ন করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় তথ্যপ্রযুক্তি খাতে অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রকল্প হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “Establishing Digital Connectivity (EDC)” শীর্ষক প্রকল্পটি গত ২৩/১১/২০২১ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

২। আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ইতোমধ্যে সারাদেশে প্রায় ১৩,০০০ (তের হাজার) শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হয়েছে। এই সকল ল্যাব তথ্য-প্রযুক্তি শিক্ষা সম্প্রসারণ ও নতুন প্রজন্মকে আইসিটি শিক্ষায় পারদর্শী দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অনন্য উপহার হিসেবে “Establishing Digital Connectivity (EDC)” শীর্ষক প্রকল্পের আওতায় সারাদেশে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট, কলেজ ও বিশ্ববিদ্যালয়ে আরও ১০,০০০ (দশ হাজার) “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন করা হবে।

৩। এমতাবস্থায়, “Establishing Digital Connectivity (EDC)” প্রকল্পের আওতায় শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক আপনার নির্বাচনী এলাকা হতে ২৫ (পঁচিশ) টি ল্যাববিহীন (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, পলিটেকনিক্যাল ইনস্টিটিউট, কলেজ ও বিশ্ববিদ্যালয়) শিক্ষা প্রতিষ্ঠানের নামের তালিকা এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করছি।

সংযুক্তি: শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপনের নিমিত্ত উপযুক্ত প্রতিষ্ঠান হওয়ার শর্তাবলি সংক্রান্ত চেকলিষ্ট।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার



(জুনাইদ আহমেদ পলক, এমপি)
প্রতিমন্ত্রী

জনাব নূর-ই-আলম চৌধুরী, এমপি

মাননীয় চিফ হুইপ

বাংলাদেশ জাতীয় সংসদ।



E-14/Ex, ICT Tower, Agargaon, Dhaka-1207
Cell : +880 1766 699 999
Phone : +88 02 41024038 (Office)
E-mail : me@palak.net.bd
: palak@ictd.gov.bd
Web : www.palak.net.bd
: www.facebook.com/zapalak
: www.ictd.gov.bd

